

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০১.২৩.৩৪১(অংশ-৪).২৩-২২৮২

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২
১২ নভেম্বর ২০২৫


বিষয়: ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস-২০২৫ উদযাপন সংক্রান্ত।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২১.১৮১৭, তারিখ: ২৫/১০/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক মাঠ পর্যায়ে মহান বিজয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২। এছাড়াও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালকগণকে জেলা প্রশাসন কর্তৃক এবং উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তাগণকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণ ও সহযোগিতা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(দেবরত চক্রবর্তী)
(যুগ্মসচিব)
মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬০১১১০
ই-মেইল: dg@bnfe.gov.bd

১। সহকারী পরিচালক

জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো,

২। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো,

জ্ঞাতার্থে :

১। পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

২। জেলা প্রশাসক (সকল), জেলা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অফিস কপি।

বিষয়: ১৬ ডিসেম্বর, মহান বিজয় বিদস-২০২৫ উদযাপন উপলক্ষে উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর
কর্মপরিকল্পনা:

ক্র.নং	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত	উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয় ও সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ মহান বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা বিধি মোতাবেক সঠিক মাপ ও রংয়ের জাতীয় পতাকা উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও আওতাধীন জেলা ও উপজেলা কার্যালয়ে ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ মহান বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা বিধি মোতাবেক সঠিক মাপ ও রংয়ের উত্তোলন করা হবে।	প্রধান কার্যালয় ০১। উপপরিচালক (সাধারণ প্রশাসন), উশিবু। ০২। উপপরিচালক (লজিঃ), উশিবু। ০৩। সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), উশিবু। জেলা ও উপজেলা কার্যালয় ০১। সহকারী পরিচালক (সকল), জেউশিবু। ০২। উপজেলা উপনুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর ও দিনাজপুর সদর।
২.	১৬-১২-২০২৫ তারিখে (১৪-১২- ২০২৫ তারিখ দিবাগত রাত ব্যতীত) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর প্রধান কার্যালয়, উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং লিডারশীপ ট্রেনিং সেন্টারে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১৬-১২-২০২৫ তারিখে (১৪-১২-২০২৫ তারিখ দিবাগত রাত ব্যতীত) উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ভবনে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপপরিচালক (লজিঃ) ও সহকারী পরিচালক (লজিঃ), উশিবু।